# "কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মধ্যে উপবৃত্তি বিতরণ ও শিক্ষা উপকরণ ক্রয় সহায়তা প্রদান নির্দেশিকা, ২০২৩"


কারিগরি শিক্ষা অধিদপ্তর
মহাপরিচালকের দপ্তর

| | | | |
|---|---|---|---|
| পরিচালক (প্রশাসন) | | সহকারী পরিচালক | |
| পরিচালক (ভোকেশনাল) | | | |
| পরিচালক (পলিটেকনিক/পিআইচিত্রি) | | | |
| পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) | | অন্যান্য | |
| পরিচালক (পিআইইউ) | ✓ | পিএস টু মহাপরিচালক | |
| প্রকল্প পরিচালক | | মহাপরিচালক | |
| ডকেট নং- ৪৭৭ | | তারিখঃ- 09.08.24 | |


**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

শিক্ষা মন্ত্রণালয়

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

**৩১ জুলাই-২০২৪**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.tmed.gov.bd

নং- ৫৭.০০.০০০০.০৪০.৯৯.০০৩.২৪-**১১৬৬** তারিখঃ ১৬ শ্রাবণ ১৪৩১ / ৩১ জুলাই ২০২৪

**অবতরণিকা:**

দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের কারিগরি শিক্ষায় উৎসাহিত করে কারিগরি শিক্ষার হার বৃদ্ধি, ঝরে পড়ার হার রোধ, উন্নয়ন কাজে নারীর অংশগ্রহণ বৃদ্ধি এবং উপবৃত্তি প্রদান কার্যক্রমে বিজনেস ম্যানেজমেন্ট এন্ড টেকনোলজি (বিএমটি) অন্তর্ভুক্ত করার উদ্দেশ্যে ইতোপূর্বে জারীকৃত কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে উপবৃত্তি বিতরণ ও শিক্ষা উপকরণ ক্রয় সহায়তা নীতিমালা-২০২০ বাতিলপূর্বক "কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মধ্যে উপবৃত্তি বিতরণ ও শিক্ষা উপকরণ ক্রয় সহায়তা প্রদান নির্দেশিকা, ২০২৩" প্রণয়ন করা হলো।

**০২। সংক্ষিপ্ত শিরোনাম:**

২.১ এ নির্দেশিকা "কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মধ্যে উপবৃত্তি বিতরণ ও শিক্ষা উপকরণ ক্রয় সহায়তা প্রদান নির্দেশিকা, ২০২৩" নামে অভিহিত হবে।

২.২ এটি অবিলম্বে কার্যকর হবে।

**০৩। সংজ্ঞা - বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোনো কিছু না থাকলে এ নির্দেশিকায়:**

৩.১ 'শিক্ষা প্রতিষ্ঠান' অর্থ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীন ৪ বছর মেয়াদী ডিপ্লোমা কোর্স পরিচালনাকারী সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান, এইচএসসি (ভোকেশনাল) কোর্স পরিচালনাকারী প্রতিষ্ঠান, এসএসসি (ভোকেশনাল) ও দাখিল ভোকেশনাল পরিচালনাকারী সরকারি ও বেসরকারি স্বতন্ত্র এবং সংযুক্ত প্রতিষ্ঠান, ৬ষ্ঠ-৮ম শ্রেণি (প্রি-ভোকেশনাল) কোর্স পরিচালনাকারী সরকারি ও বেসরকারি স্বতন্ত্র এবং সংযুক্ত প্রতিষ্ঠান ও এইচএসসি (বিএমটি) কোর্স পরিচালনাকারী সরকারি ও বেসরকারি সংযুক্ত এবং স্বতন্ত্র প্রতিষ্ঠান;

৩.২ 'শিক্ষার্থী' অর্থ এ নির্দেশিকার ৩.১ এ বর্ণিত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থী;

৩.৩ 'উপবৃত্তি' অর্থ নির্বাচিত কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীকে প্রদত্ত অর্থ সহায়তা;

৩.৪ 'শিক্ষার্থী নির্বাচন কমিটি' বলতে নির্দেশিকার নির্দেশ '৮' এ গঠিত কমিটি বোঝাবে;

৩.৫ 'আঞ্চলিক কমিটি' বলতে নির্দেশিকার নির্দেশ '৯' এ গঠিত আঞ্চলিক কমিটিকে বোঝাবে;

৩.৬ 'কেন্দ্রিয় কমিটি' বলতে নির্দেশিকার নির্দেশ '১০' এ গঠিত কেন্দ্রিয় কমিটিকে বোঝাবে;

৩.৭ 'শিক্ষার্থীর আবেদন পত্র' বলতে পরিশিষ্ট-ক (এমআইএস) এ বর্ণিত নির্ধারিত ফরম বোঝাবে;

৩.৮ 'প্রতিষ্ঠান অন্তর্ভুক্তির আবেদন' বলতে পরিশিষ্ট-খ (এমআইএস) এ বর্ণিত আবেদন ফরম বোঝাবে;

৩.৯ 'দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা' বলতে কারিগরি শিক্ষা অধিদপ্তরের উপবৃত্তি সেলে নিযুক্ত কর্মকর্তাকে বোঝাবে;

৩.১০ 'শিক্ষা উপকরণ' বলতে শিক্ষা সামগ্রী (বই বা অন্যান্য) বোঝাবে;

৩.১১ 'স্বতন্ত্র শিক্ষা প্রতিষ্ঠান' বলতে শুধুমাত্র কারিগরি কোর্স পরিচালনাকারী সরকারি ও বেসরকারি স্বতন্ত্র শিক্ষা প্রতিষ্ঠান বোঝাবে;

৩.১২ 'সংযুক্ত শিক্ষা প্রতিষ্ঠান' বলতে সাধারণ শিক্ষা এবং মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের সাথে কারিগরি কোর্স পরিচালনাকারী সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানকে বোঝাবে;

৩.১৩ 'G2P' বলতে Government to Person বোঝাবে;

৩.১৪ 'DTE Stipend MIS' বলতে কারিগরি শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদানের জন্য অনলাইনে তথ্য এন্ট্রি করার জন্য সফটওয়্যারকে বুঝাবে;

৩.১৫ 'MFS' বলতে Mobile Financial Services বোঝাবে;

৩.১৬ 'ব্যাংক' বলতে বাংলাদেশের যে কোনো তফসিলী ব্যাংককে বোঝাবে;

৩.১৭ 'অভিভাবক' বলতে পিতা/মাতা অথবা যার উপর শিক্ষার্থী সম্পূর্ণরূপে নির্ভরশীল বোঝাবে।

**০৪। কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীর উপবৃত্তি ও শিক্ষা উপকরণ ক্রয় সহায়তা প্রাপ্তির সাধারণ শর্তাবলী:**

৪.১ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীন নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত নিয়মিত শিক্ষার্থী হিসেবে 'পরিশিষ্ট-ক' (এমআইএস) এ নির্ধারিত ফরম মোতাবেক আবেদন করতে হবে;

৪.২ শিক্ষাবর্ষ/সেমিস্টারে অনুষ্ঠিত মোট ক্লাসের **শতকরা ৭০ ভাগ** ক্লাসে শিক্ষার্থীকে উপস্থিত থাকতে হবে;

৪.৩ শিক্ষার্থীকে অব্যবহিত পূর্ববর্তী বর্ষ/পর্বে চূড়ান্ত পরীক্ষা গড়ে **৪০% নম্বর পেয়ে** সকল বিষয়ে উত্তীর্ণ হতে হবে। নতুন ভর্তিকৃত শিক্ষার্থীর ক্ষেত্রে সর্বশেষ **পরীক্ষা/পাবলিক** পরীক্ষার ফলাফল বিবেচনা করতে হবে;

**৪.৪ অভিভাবকের বার্ষিক আয় অনধিক ৩০,০০০ (ত্রিশ হাজার) টাকা হতে হবে;**

৪.৫ নির্দেশ ৪.১ হতে ৪.৩ প্রতিপালন সাপেক্ষে ভর্তিকৃত সকল শিক্ষার্থী এ উপবৃত্তির আওতাভুক্ত হবে;

৪.৬ সরকারি অন্য কোনো উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থী এ নির্দেশিকার আওতায় উপবৃত্তি প্রাপ্য হবেন না।

**০৫। উপবৃত্তি ও শিক্ষা উপকরণ ক্রয় সহায়তা প্রাপ্তির যোগ্য প্রতিষ্ঠানসমূহ :**

৫.১ নির্দেশ ৩.১ এ সংজ্ঞায়িত সকল শিক্ষা প্রতিষ্ঠান; এবং

৫.২ সকল প্রতিষ্ঠানের Educational Institute Identification Number (EIIN) থাকতে হবে।

**০৬। শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন পদ্ধতি:**

৬.১ প্রতি শিক্ষাবর্ষের জুন ও ডিসেম্বর মাসে উপবৃত্তি ও শিক্ষা উপকরণ ক্রয় সহায়তা প্রাপ্তির আওতায় নতুন শিক্ষা প্রতিষ্ঠান অন্তর্ভুক্ত করার জন্য বিজ্ঞপ্তি একটি বাংলা ও ইংরেজি জাতীয় দৈনিক পত্রিকায় এবং ওয়েবসাইটে (www.tmed.gov.bd, www.techedu.gov.bd ও www.bteb.gov.bd) প্রকাশ করা হবে।

৬.২ ব্যাপক প্রচারণার জন্য বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসার, জেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বরাবর বিজ্ঞপ্তির কপি প্রেরণ করতে হবে।

৬.৩ শিক্ষা প্রতিষ্ঠানসমূহ নির্ধারিত ফর্মে প্রয়োজনীয় ডকুমেন্টসহ স্ব-স্ব আঞ্চলিক পরিচালকের কার্যালয়ে আবেদন জমা দিবেন (পরিশিষ্ট-খ অনুযায়ী);

৬.৪ আঞ্চলিক পরিচালকের কার্যালয় আবেদনপত্র ও ডকুমেন্টসমূহ যাচাই বাছাইপূর্বক সুপারিশসহ শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা কারিগরি শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করবে;

৬.৫ 'শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষার্থী চূড়ান্তকরণের লক্ষ্যে গঠিত কেন্দ্রিয় কমিটি' উপবৃত্তি প্রদানের নিমিত্ত শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা চূড়ান্ত করবে।

**০৭। উপবৃত্তি ও শিক্ষা উপকরণ ক্রয় সহায়তার হার:**

৭.১ চার বছর মেয়াদি ডিপ্লোমা কোর্স এবং উচ্চ মাধ্যমিক পর্যায়ে এইচএসসি (ভোকেশনাল) ও এইচএসসি (বিএমটি) শিক্ষার্থীর উপবৃত্তির হার মাসিক ৫০০ (পাঁচশত) টাকা;

৭.২ মাধ্যমিক পর্যায়ে এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) কোর্সের শিক্ষার্থীর উপবৃত্তির হার মাসিক **৩৫০ (তিনশত পঞ্চাশ)** টাকা;

৭.৩ ৮ম (প্রি-ভোকেশনাল) শ্রেণির শিক্ষার্থীর উপবৃত্তির হার মাসিক ২৮৫ (দুইশত পঁচাশি) টাকা;

৭.৪ ৬ষ্ঠ ও ৭ম (প্রি-ভোকেশনাল) শ্রেণির শিক্ষার্থীর উপবৃত্তির হার মাসিক ২৩৫ (দুই শত পঁয়ত্রিশ) টাকা;

৭.৫ শিক্ষা উপকরণ ক্রয় সহায়তা বাবদ এইচএসসি (ভোকেশনাল) ও এইচএসসি (বিএমটি) কোর্সের শিক্ষার্থীর জন্য বার্ষিক ১০০০ (এক হাজার) টাকা প্রতি ৬ মাসে ৫০০ (পাঁচশত) টাকা হারে এবং চার বছর মেয়াদী ডিপ্লোমা কোর্সের শিক্ষার্থীর প্রতি সেমিস্টারে ১০০০ (এক হাজার) টাকা;

৭.৬ এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) কোর্সের নবম শ্রেণির শিক্ষার্থীগণ নবম শ্রেণির বোর্ড সমাপনী পরীক্ষার ফর্ম ফিলাপ বাবদ ১০০০ (এক হাজার) টাকা এবং দশম শ্রেণির শিক্ষার্থীগণ এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) সমাপনী পরীক্ষার ফর্ম ফিলাপ বাবদ ১৫০০ (এক হাজার পাঁচশ) টাকা, উচ্চ মাধ্যমিক পর্যায়ে এইচএসসি (ভোকেশনাল) ও এইচএসসি (বিএমটি) কোর্সের একাদশ শ্রেণির শিক্ষার্থীগণ একাদশ শ্রেণির বোর্ড সমাপনী পরীক্ষার ফর্ম ফিলাপ বাবদ ১০০০ (এক হাজার) টাকা, দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীগণ এইচএসসি (ভোকেশনাল) ও এইচএসসি (বিএমটি) সমাপনী পরীক্ষার ফর্ম ফিলাপ বাবদ ১০০০ (এক হাজার) এবং চার বছর মেয়াদি ডিপ্লোমা কোর্সের শিক্ষার্থীদের ফর্ম ফিলাপ বাবদ প্রতি সেমিস্টারে ১০০০ (এক হাজার) টাকা হারে বছরে ২০০০ (দুই হাজার) টাকা; এবং

৭.৭ প্রতি ৬ মাস পর পর উপবৃত্তির টাকা বন্টন করা হবে। তবে বিশেষ পরিস্থিতিতে ১২ মাস পর উপবৃত্তির টাকা বন্টন করা যাবে।

**০৮। শিক্ষার্থী নির্বাচন কমিটির গঠন:**

**বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান:**

| ক্রমিক | কমিটির সদস্যবৃন্দ | পদবি |
|---|---|---|
| ১ | ব্যবস্থাপনা কমিটি/গভর্নিং বডি/এডহক কমিটির চেয়ারম্যান | সভাপতি |
| ২ | শিক্ষক প্রতিনিধি | সদস্য |
| ৩ | অভিভাবক প্রতিনিধি | সদস্য |
| ৪ | প্রতিষ্ঠান প্রধান | সদস্য সচিব |

**কার্যপরিধি:**

ক) উপবৃত্তি প্রদানের জন্য শিক্ষার্থীদের নিকট হতে সংগৃহীত শিক্ষার্থী আবেদন ফরম (পরিশিষ্ট-ক অনুযায়ী) এর সকল তথ্য যাচাই-বাছাই করা;

খ) উপবৃত্তি প্রাপ্তির সাধারণ শর্তের আলোকে উপবৃত্তি প্রদানের জন্য শিক্ষার্থীদের তালিকা চূড়ান্তকরণ ও অনুমোদন প্রদান; এবং

গ) তালিকা মোতাবেক শিক্ষার্থীদের তথ্য DTE Stipend MIS-এ প্রতিষ্ঠান প্রধান কর্তৃক এন্ট্রির পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করা।

**সরকারি শিক্ষা প্রতিষ্ঠান:**

| ক্রমিক | কমিটির সদস্যবৃন্দ | পদবি |
|---|---|---|
| ১ | প্রতিষ্ঠান প্রধান | সভাপতি |
| ২ | বিভাগীয় প্রধান (স্ব-স্ব বিভাগের জন্য) | সদস্য |
| ৩ | টেকনোলজি/বিভাগ বহির্ভূত একজন শিক্ষক (সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের একাডেমিক কাউন্সিল কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৪ | একাডেমিক ইনচার্জ | সদস্য সচিব |

**কার্যপরিধি:**

ক) উপবৃত্তি প্রদানের জন্য শিক্ষার্থীদের নিকট হতে সংগৃহীত শিক্ষার্থী আবেদন ফরম (পরিশিষ্ট-ক অনুযায়ী) এর সকল তথ্য যাচাই-বাছাই করা;

খ) উপবৃত্তি প্রাপ্তির সাধারণ শর্তের আলোকে উপবৃত্তি প্রদানের জন্য শিক্ষার্থীদের তালিকা চূড়ান্তকরণ ও অনুমোদন প্রদান; এবং

গ) তালিকা মোতাবেক শিক্ষার্থীদের তথ্য DTE Stipend MIS-এ প্রতিষ্ঠান প্রধান কর্তৃক এন্ট্রির পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করা।

**০৯। আঞ্চলিক কমিটির গঠন:**

| ক্রমিক | কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল | পদবি |
|---|---|---|
| ১. | আঞ্চলিক পরিচালক | সভাপতি |
| ২. | আঞ্চলিক কার্যালয় যে জেলা সদরে অবস্থিত সেই জেলার সরকারি পলিটেকনিক ইনস্টিটিউটের অধ্যক্ষ (আঞ্চলিক পরিচালক কর্তৃক নির্ধারিত) | সদস্য |
| ৩. | আঞ্চলিক কার্যালয় যে জেলা সদরে অবস্থিত সেই জেলার সরকারি ১টি টিএসসি'র অধ্যক্ষ (আঞ্চলিক পরিচালক কর্তৃক নির্ধারিত) | সদস্য |
| ৪. | আঞ্চলিক কার্যালয় যে জেলা সদরে অবস্থিত সেই জেলার বেসরকারি ১ টি পলিটেকনিক ইনস্টিটিউটের অধ্যক্ষ (আঞ্চলিক পরিচালক কর্তৃক নির্ধারিত) | সদস্য |
| ৫. | আঞ্চলিক কার্যালয় যে জেলা সদরে অবস্থিত সেই জেলার বেসরকারি ১টি ব্যবসায় ব্যবস্থাপনা অ্যান্ড টেকনোলজি কোর্স পরিচালনাকারী স্বতন্ত্র/সংযুক্ত প্রতিষ্ঠানের অধ্যক্ষ (আঞ্চলিক পরিচালক কর্তৃক নির্ধারিত) | সদস্য |
| ৬. | আঞ্চলিক কার্যালয় যে জেলা সদরে অবস্থিত সেই জেলার বেসরকারি ১ টি সংযুক্ত/ এসএসসি (ভোকেশনাল)/ দাখিল(ভোকেশনাল) পরিচালনাকারী শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক/সুপার (আঞ্চলিক পরিচালক কর্তৃক নির্ধারিত) | সদস্য |
| ৭. | আঞ্চলিক পরিদর্শক | সদস্য সচিব |

**আঞ্চলিক কমিটির কর্মপরিধি :**

ক) নিজ অঞ্চলের অধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহ থেকে DTE Stipend MIS এর মাধ্যমে প্রাপ্ত উপবৃত্তির আবেদনের তালিকা নির্দেশিকা মোতাবেক পর্যালোচনা ও যাচাই করা;

খ) পর্যালোচনান্তে তালিকা সংশোধনপূর্বক (ভুল-ভ্রান্তি পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মাধ্যমে সংশোধন) DTE Stipend MIS এর মাধ্যমে কারিগরি শিক্ষা অধিদপ্তরে প্রেরণ;

গ) শিক্ষার্থীর তথ্য সংগ্রহ কার্যক্রম পর্যবেক্ষণ, পরিবীক্ষণ ও মূল্যায়ন (পরিশিষ্ট-গ অনুযায়ী);

ঘ) নতুন শিক্ষা প্রতিষ্ঠান অন্তর্ভুক্তির প্রাথমিক আবেদন যাচাই বাছাইপূর্বক আঞ্চলিক কমিটি কর্তৃক সুপারিশ অধিদপ্তরে প্রেরণ;

ঙ) প্রযোজ্য ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠান আকস্মিক পরিদর্শন করা।

১০। শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষার্থী চূড়ান্তকরণের লক্ষ্যে কেন্দ্রিয় কমিটি গঠন:

| ক্র: নং | কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল | পদবি |
|---|---|---|
| ১. | মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর | সভাপতি |
| ২. | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের উপসচিব পর্যায়ের একজন প্রতিনিধি | সদস্য |
| ৩ | পরিচালক (পিআইডব্লিউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ৪ | পরিচালক (ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ৫. | পরিচালক (প্রশাসন), কারিগরি শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ৬. | পরিচালক (উপবৃত্তি সংশ্লিষ্ট), কারিগরি শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ৭. | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, উপবৃত্তি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ৮. | সহকারি পরিচালক-১, কারিগরি শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ৯. | সহকারি পরিচালক (ভোকেশনাল-১), কারিগরি শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ১০. | প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের একজন প্রতিনিধি | সদস্য |
| ১১. | বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের একজন উপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| ১২. | সহকারি পরিচালক (সংশ্লিষ্ট শাখা), কারিগরি শিক্ষা অধিদপ্তর | সদস্য সচিব |

**কর্মপরিধিঃ**

ক) আঞ্চলিক কার্যালয় হতে প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানের সুপারিশসহ আবেদনপত্রসমূহ পুঙ্খানুপুঙ্খভাবে যাচাই-বাছাই করা;

খ) উপবৃত্তি প্রাপ্তির যোগ্য কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা চূড়ান্তকরণ ও অনুমোদন প্রদান;

গ) চূড়ান্তভাবে অনুমোদিত কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের তথ্যাদি DTE Stipend MIS এ এন্ট্রির এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে USER ID ও PASSWORD প্রদান করার জন্য সুপারিশ করা;

ঘ) কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন ০৮টি আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে ডাটা সংগ্রহ কার্যক্রম কেন্দ্রিয় কমিটি কর্তৃক পর্যবেক্ষণ, পরিবীক্ষণ ও মূল্যায়ণ করা;

ঙ) DTE Stipend MIS এর মাধ্যমে আঞ্চলিক কমিটি কর্তৃক প্রেরিত উপবৃত্তির তালিকা চূড়ান্তকরণ;

চ) উপবৃত্তির অর্থ ছাড়করণের জন্য সুপারিশ প্রদান; এবং

ছ) প্রতিটি পেমেন্ট পর্ব সমাপ্তির ৩ (তিন) মাসের মধ্যে উপবৃত্তি কার্যক্রমের সার্বিক বিষয়াদি মূল্যায়ন।

**১১। উপবৃত্তি প্রদান পদ্ধতি:** ডিজিটাল পেমেন্ট সার্ভিস প্রদানকারী প্রতিষ্ঠানের মাধ্যমে উপবৃত্তি ও শিক্ষা উপকরণ ক্রয় সহায়তার অর্থ G2P পদ্ধতিতে উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের পিতা/মাতা/অভিভাবকের নামে খোলা মোবাইল/ব্যাংক একাউন্টে প্রদান করতে হবে এবং অর্থ প্রেরণের তথ্য ব্যাংকিং সিস্টেম বা MFS এর মাধ্যমে পিতা/মাতা/অভিভাবককে এসএমএসের মাধ্যমে জানাতে হবে।

**১২। রহিতকরণ:** এ নির্দেশিকা জারির তারিখ হতে এ বিষয়ে পূর্বে জারিকৃত নীতিমালা/ আদেশ/পরিপত্র বাতিল বলে গণ্য হবে। এরূপ রহিতকরণ সত্ত্বেও এ নির্দেশিকা জারির পূর্বে 'কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মধ্যে উপবৃত্তি বিতরণ ও শিক্ষা উপকরণ ক্রয় সহায়তা নীতিমালা ২০২০'-এর আওতায় গৃহীত কার্যক্রম, অনিষ্পন্ন কার্যক্রম, চুক্তি এ নির্দেশিকার আওতায় সম্পন্ন হয়েছে বলে গণ্য হবে।

৩১.০৭.২০২৪

**(ড. ফরিদ উদ্দিন আহমদ)**
সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়

৭২

নং- ৫৭.০০.০০০০.০৪০.৯৯.০০৩.২৪-১১৬৬/১(৩৩)

তারিখঃ ১৬ শ্রাবণ ১৪৩১ / ৩১ জুলাই ২০২৪

**সদয় অবগতি/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা;
৩. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৬. অতিরিক্ত সচিব (সকল), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৭. বিভাগীয় কমিশনার ...................................... (সকল);
৮. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা;
৯. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, নিউ বেইলি রোড, ঢাকা;
১০. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
১১. মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা;
১২. ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা;
১৩. যুগ্মসচিব (সকল), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৪. চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা;
১৫. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশি বাজার, ঢাকা;
১৬. চেয়ারম্যান, .................................................................. শিক্ষা বোর্ড;
১৭. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৮. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৯. জেলা প্রশাসক ------------------------------- (সকল);
২০. ব্যবস্থাপনা পরিচালক, সোনালী ব্যাংক/অগ্রণী ব্যাংক/জনতা ব্যাংক/রূপালী ব্যাংক;
২১. পরিচালক, জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমি (নেকটার), বগুড়া;
২২. অধ্যক্ষ, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই), গাজীপুর;
২৩. আঞ্চলিক পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর;
২৪. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা;
২৫. ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার ................................ (সকল);
২৬. সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ঢাকা;
২৭. উপজেলা নির্বাহী অফিসার --------------------------------- (সকল);
২৮. প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ);
২৯. জেলা শিক্ষা অফিসার ------------------------------------- (সকল);
৩০. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ----------------------- (সকল);
৩১. অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার ...........................................................................;
৩২. হিসাব রক্ষণ কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ঢাকা; এবং
৩৩. অফিস কপি।

৩১/৭/২০২৪

(মো: কামরুল হাসান)
উপসচিব (প্রশাসন ও সংস্থাপন)
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
ফোন: ৫৫১০০৪১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
উপবৃত্তি সেল
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শের-ই বাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০১০.৩৬.০০১.২২-২২৯

তারিখ- ০৭ আগস্ট, ২০২৪ খ্রি.

শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের ৫৭.০০.০০০০.০৪০.৯৯.০০৩.২৪-১১৬৬ তারিখ- ৩১ জুলাই ২০২৪ খ্রি. স্মারক মূলে "কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মধ্যে উপবৃত্তি বিতরণ ও শিক্ষা উপকরণ ক্রয় সহায়তা প্রদান নির্দেশিকা, ২০২৩" সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে এতদ্দ্বারা পৃষ্ঠাঙ্কণপূর্বক এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। বিভাগীয় কমিশনার ....................(সকল);
২। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা;
৩। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা;
৪। পরিচালক (পিআইডব্লিউ/ভোকেশনাল/পরিকল্পনা ও উন্নয়ন/প্রশাসন/পিআইইউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
৫। আঞ্চলিক পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর;
৬। অধ্যক্ষ, সরকারি/বেসরকারি পলিটেকনিক/মনোটেকনিক ইন্সটিটিউট.................... (সকল);
৭। প্রোগ্রাম এক্সিকিউটিভ অ্যান্ড কো-অর্ডিনেটর, BACS & iBAS++ স্কিম, আই ই বি ভবন (৫ম তলা), রমনা, ঢাকা;
৮। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা;
৯। জেলা প্রশাসক......................(সকল);
১০। অধ্যক্ষ, সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ.............. (সকল);
১১। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ);
১২। ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল);
১৩। জেলা শিক্ষা অফিসার (সকল);
১৪। উপজেলা নির্বাহী অফিসার ................... (সকল);
১৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার.....................(সকল);
১৬। সহকারি পরিচালক-১ /আয়ন-ব্যয়ন কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
১৭। প্রধান শিক্ষক/ সুপারিনটেনডেন্ট, স্বতন্ত্র/ সংযুক্ত বেসরকারি এসএসসি (ভোকশনাল)/ দাখিল (ভোকেশনাল) প্রতিষ্ঠান (সকল);
১৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা (আইসিটি সেল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (অধিদপ্তরের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ);
১৯। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালকের সদয় অবগতির জন্য);
২০। সংরক্ষণ নথি।

০৭।০৮।২০২৪
(শেখ মোহাম্মদ তরিকুল ইসলাম)
সংযুক্ত কর্মকর্তা (উপবৃত্তি সেল)
(অধ্যক্ষ, সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ)

## পরিশিষ্ট 'ক'
## কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে উপবৃত্তি বিতরণ ও শিক্ষা উপকরণ ক্রয় সহায়তা কাঁযক্রম
## কারিগরি শিক্ষা অধিদপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
## শিক্ষা মন্ত্রণালয়

উপবৃত্তির জন্য আবেদন ফরম (SAF)

| | | | |
|---|---|---|---|
| আবেদনকারী শিক্ষার্থীর তথ্য | | | |
| আবেদনকারীর নাম | | লিঙ্গা | |
| জন্ম নিবন্ধন নং | | জন্ম তারিখ | |
| পিতার নাম | | পিতার NID | |
| পিতার জন্ম তারিখ | | পিতার মোবাইল নং | |
| মাতার নাম | | মাতার NID | |
| মাতার জন্ম তারিখ | | মাতার মোবাইল নং | |
| অভিভাবকের নাম (প্রযোজ্য ক্ষেত্রে) | | অভিভাবকের NID | |
| অভিভাবকের জন্ম তারিখ | | অভিভাবকের মোবাইল নং | |
| অভিভাবক ও শিক্ষার্থীর সম্পর্ক | | একাউন্ট নং এর NID | |
| শিক্ষার্থীর স্থায়ী ঠিকানা | | | |
| বিভাগ | | জেলা | |
| উপজেলা/থানা | | পৌরসভা/ইউনিয়ন/সিটি কর্পোরেশন | |
| ওয়ার্ড | | ডাকঘর | |
| গ্রাম | | | |
| শিক্ষার্থীর বর্তমান ঠিকানাঃ (একই হলে "একই" লিখুন): | | | |
| বিভাগ | | জেলা | |
| উপজেলা/থানা | | পৌরসভা/ইউনিয়ন/সিটি কর্পোরেশ | |
| ওয়ার্ড | | ডাকঘর | |
| গ্রাম | | | |
| **পূর্ববর্তি শ্রেণির শিক্ষাগত তথ্য** | | | |
| পূর্বের শিক্ষা প্রতিষ্ঠান/যে প্রতিষ্ঠান হতে ভর্তি/বদলি হয়েছে ( ৫ম, নবম, একাদশ ও ডিপ্লোমা ১ম পর্বের ক্ষেত্রে যে প্রতিষ্ঠান হতে জেএসসি/এসএসসি উত্তীর্ণ হয়ে এসেছে সে সকল সংশ্লিষ্ট তথ্য সন্নিবেশ করতে হবে) | | | |
| বিভাগ | | পাশের বছর | |
| জেলা | | পরীক্ষার নাম | |
| উপজেলা/থানা | | রোল নং/রেজি.নং | |
| পৌরসভা/ইউনিয়ন/সিটি কর্পোরেশন | | বোর্ড | |
| টেকনোলজি/ট্রেড | | ফলাফল- | প্রাপ্ত গড় নম্বর- |
| | | হাজিরা(শতকরা)- | অনুষ্ঠিত ক্লাসের সংখ্যা |
| | | | উপস্থিত ক্লাসের সংখ্যা |
| **বর্তমান শ্রেণির শিক্ষাগত তথ্য** | | | |
| বর্তমান শিক্ষা প্রতিষ্ঠান | | | |
| টেকনোলজি/ট্রেড | | পর্ব/শ্রেণি | |
| শিফট এবং গ্রুপ | | ক্লাস রোল | |
| জেলা | | উপজেলা | |
| পৌরসভা/ইউনিয়ন/সিটি কর্পোঃ | | | |

** বদলিকৃত শিক্ষার্থীদের ক্ষেত্রে যে প্রতিষ্ঠানে বদলি হয়ে এসেছে সেই প্রতিষ্ঠানে শিক্ষার্থীর নাম অন্তর্ভূক্ত থাকবে। পূর্বের প্রতিষ্ঠান হতে DTE MIS এর ট্রান্সফার অপশন হতে বর্তমান প্রতিষ্ঠানে বদলী করিয়ে দিতে হবে। বদলীকৃত শিক্ষার্থীর তথ্য নতুন করে এন্ট্রি হবেনা।

**উপবৃত্তির নির্বাচনের শর্ত (টিক চিহ্ন দিতে হবে)**

| | | | |
|---|---|---|---|
| পড়াশুনার খরচ বহন করবে কে? | বাবা | মা | অভিভাবক |
| আবেদনকারী কি বাংলাদেশের কোন ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর অন্তর্ভূক্ত? | | | |

| | | | |
|---|---|---|---|
| আবেদনকারী শিক্ষার্থী কি মুক্তিযোদ্ধা পরিবারের সন্তান? | | | |
| আবেদনকারী কি অন্য কোন উৎস হতে বৃত্তি/উপবৃত্তি পান? | | | |
| আবেদনকারী কি কোন শারীরিক প্রতিবন্ধকতা আছে? | | | |
| **সংযুক্তি** | (সংশ্লিষ্ট সনদ বা প্রয়োজনীয় সনদ) | | |
| | | | |
| **হিসাব নং সংক্রান্ত তথ্য** | | | |
| ব্যাংক/মোবাইল ব্যাংকিং এর নাম (উদাহরণস্বরূপঃ নগদ, বিকাশ ইত্যাদি) | | | |
| শাখার নাম | | | |
| রাউটিং নাম্বার | | | |
| হিসাবের শিরোনাম | | | |
| হিসাবের ধরণ | | | |
| হিসাব নং | | | |

আবেদনকারীর স্বাক্ষর　　　　গ্রহণকারীর স্বাক্ষর　　　　প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর

**পরিশিষ্ট 'খ'**

**উপবৃত্তির জন্য প্রতিষ্ঠান অন্তর্ভূক্তির আবেদন ফরম**

| **প্রতিষ্ঠানের তথ্য** | | | |
|---|---|---|---|
| প্রতিষ্ঠানের নাম (বাংলায়): | | প্রতিষ্ঠানের নাম (ইংরেজিতে): | |
| EIIN (ব্যানবেইস প্রদত্ত) | | কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক প্রদেয় প্রতিষ্ঠান কোড | |
| কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক প্রতিষ্ঠান অনুমোদনের তারিখ | | পাঠদানের অনুমতি হালনাগাদ করা আছে কিনা? | হ্যাঁ/না |
| প্রতিষ্ঠানের ধরণ | ভোকেশনাল/পলিটেকনিক/সংযুক্ত | প্রতিষ্ঠানের ফোন নাম্বার | |
| একাডেমিক স্তর | মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক/ডিপ্লোমা | প্রতিষ্ঠানের ইমেইল | |
| লিগাল স্ট্যাটাস | সরকারি/বেসরকারি/ এমপিও/নন-এমপিও | প্রতিষ্ঠানের ওয়েবসাইট | |
| জেন্ডার স্ট্যাটাস | বালক/বালিকা/সহশিক্ষা | প্রতিষ্ঠান প্রধানের নাম | |
| যে বোর্ড/বিশ্ববিদ্যালয়ের আওতাভূক্ত | | প্রতিষ্ঠান প্রধানের মোবাইল নং | |
| কারিকুলাম সমূহ | | ট্রেড/টেকনোলজি সমূহ | |
| ফোকাল পার্সনের নাম | | ফোকাল পার্সনের পদবি | |
| ফোকাল পার্সনের মোবাইল নং | | | |
| **প্রতিষ্ঠানের ঠিকানাঃ** | | | |
| বিভাগ | | জেলা | |
| উপজেলা/থানা | | পৌরসভা/ইউনিয়ন/সিটি কর্পোরেশন | |
| ওয়ার্ড | | ডাকঘর | |

| **প্রতিষ্ঠানে শিক্ষার্থীর পরিসংখ্যান** | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| শ্রেণি | ছাত্র | ছাত্রী | মোট | সেমিস্টার | ছাত্র | ছাত্রী | মোট |
| ৬ষ্ঠ শ্রেণি | | | | ডিপ্লোমা-পর্ব ১ | | | |
| ৭ম শ্রেণি | | | | ডিপ্লোমা-পর্ব ২ | | | |
| ৮ম শ্রেণি | | | | ডিপ্লোমা-পর্ব ৩ | | | |
| ৯ম শ্রেণি | | | | ডিপ্লোমা-পর্ব ৪ | | | |
| ১০ম শ্রেণি | | | | ডিপ্লোমা-পর্ব ৫ | | | |
| ১১শ শ্রেণি (ভোকেশনাল) | | | | ডিপ্লোমা-পর্ব ৬ | | | |
| ১২শ শ্রেণি (ভোকেশনাল) | | | | ডিপ্লোমা-পর্ব ৭ | | | |
| ১১শ শ্রেণি (বিএমটি) | | | | ডিপ্লোমা-পর্ব ৮ | | | |
| ১২শ শ্রেণি (বিএমটি) | | | | | | | |

| | | | |
|---|---|---|---|
| সংযুক্তিঃ | (সংশ্লিষ্ট সনদ বা প্রয়োজনীয় সনদ) | ১। প্রতিষ্ঠান অনুমোদনের কপি<br>২। পাঠদানের অনুমতি পত্র<br>৩। ট্রেড/টেকনোলজি সংযোজনের (পরবর্তীতে) অনুমোদনপত্র<br>৪। অন্যান্য। | |
| পেমেন্ট সংক্রান্ত তথ্য | | | |
| ব্যাংক এর নামঃ | | | |
| শাখার নামঃ | | | |
| রাউটিং নাম্বারঃ | | | |
| হিসাবের শিরোনামঃ | | | |
| হিসাবের ধরণঃ | | | |
| হিসাব নংঃ | | | |

গ্রহণকারীর স্বাক্ষর স্বাক্ষর

প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও সিল

অনুমোদনকারীর (কমিটির সদস্যগণ)

## পরিশিষ্ট 'গ'
## শিক্ষার্থী মনিটরিং ফরম

প্রতিবেদনের সময়কালঃ

শিক্ষা প্রতিষ্ঠানের নামঃ

জেলাঃ উপজেলাঃ ইউনিয়নঃ

BTEB কোডঃ EIIN কোডঃ প্রতিবেদনের সময় প্রতিষ্ঠানে অনুষ্ঠিত মোট কার্যদিবসঃ

প্রতিষ্ঠানের সার সংক্ষেপঃ

| শ্রেণি | ৬ষ্ঠ | ৭ম | ৮ম | ৯ম | ১০ম | ১১শ (ভোক) | ১২শ (ভোক) | ১১শ (বিএমটি) | ১২শ (বিএমটি) | ডিপ্লোমা ১ম পর্ব | ডিপ্লোমা ২য় পর্ব | ডিপ্লোমা ৩য় পর্ব | ডিপ্লোমা ৪র্থ পর্ব | ডিপ্লোমা ৫ম পর্ব | ডিপ্লোমা ৬ষ্ঠ পর্ব | ডিপ্লোমা ৭ম পর্ব | ডিপ্লোমা ৮ম পর্ব | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| শিক্ষার্থী সংখ্যা | | | | | | | | | | | | | | | | | | |

| ক্রম | শিক্ষার্থীর রোল ও এমআইএস আইডি নং | ব্যাংক হিসাব/মোবাইল ব্যাংকিং নাম্বার | শিক্ষার্থীর নাম | অভিভাবকের নাম | গত পর্ব/শ্রেণির/ পেমেন্ট সাইকেলের মোট উপস্থিতির সংখ্যা | গত পর্ব/শ্রেণির/ পেমেন্ট সাইকেলের উপস্থিতির শতকরা হার | গত পর্বের/শ্রেণির পরীক্ষার প্রাপ্ত গড় নম্বর/ জিপিএ | উপবৃত্তি বন্ধ থাকবে | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | হ্যাঁ/না | কারণ** |
| | | | | | | | | | |

(ড. মোঃ ওমর ফারুক)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
কারিগরি শিক্ষা অধিদপ্তর